বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা ২০১৪-২০১৫
(রাজস্ব)

মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা

১. ভূমিকা

মৎস্য অধিদপ্তরকে অধিকতর কার্যকর, জনমুখী এবং সময়ের চাহিদার প্রতি সংবেদনশীল ও আরও সক্ষম করার জন্য মানবসম্পদ উন্নয়ন কার্যক্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ কার্যক্রমের ভিত্তি হচ্ছে নিয়মিত প্রশিক্ষণ, অভিজ্ঞতা বিনিময় এবং উদ্বুদ্ধকরণের মাধ্যমে অঙ্গিকারাবদ্ধ, প্রত্যয়ী ও দক্ষ জনবল গড়ে তোলা এবং এই জনবলের সর্বানুকূল ব্যবহারের মাধ্যমে প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জন করা। প্রশিক্ষণ হচ্ছে জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি উন্নয়নের সবচেয়ে কার্যকর উপায়। বিশ্বব্যাপী নব নব প্রযুক্তি সংযোজন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যাপক উন্নয়ন ও সম্প্রসারণের ফলে প্রতিনিয়ত পরিবর্তিত হচ্ছে উন্নয়ন দর্শন ও দৃষ্টিভঙ্গি। পরিবর্তিত পরিস্থিতি ও চাহিদার সাথে তাল মিলিয়ে সর্বোচ্চ পেশাদারিত্ব ও দক্ষতার সাথে উন্নত সেবা জনগণের দোড়গোড়ায় পৌছে দেওয়ার জন্য নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম অত্যন্ত জরুরী। মৎস্য অধিদপ্তর দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ, উন্নত আমিষ তথা নিরাপদ মৎস্যের যোগান, বৈদেশিক মুদ্রা অর্জন, ব্যাপক কর্মসংস্থান, দারিদ্র্য বিমোচন, গ্রামীণ অর্থনীতিসহ দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ আবদান রাখছে। এ জন্য একদিকে যেমন অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের আধুনিক তথ্য ও প্রযুক্তিগত জ্ঞানে সমৃদ্ধ করা এবং হালনাগাদ রাখা প্রয়োজন, অন্যদিকে মৎস্য ও চিংড়ি চাষি, পোনা উৎপাদনকারী, মৎস্যজীবী, জেলে, মৎস্য বিপণন ও প্রক্রিয়াকরণ এবং মৎস্য সম্পদ ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ ও অভিজ্ঞতা বিনিময় কার্যক্রমের মাধ্যমে তাদের জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির কাঙ্খিত পরিবর্তন ঘটানো প্রয়োজন। একটি প্রাজ্ঞ ও কার্যকর প্রশিক্ষণ পরিকল্পনা সময় ও অর্থের অপচয় রোধ করে প্রতিষ্ঠানের প্রশিক্ষণ কার্যক্রম সফল বাস্তবায়নের মাধ্যমে সেই কাঙ্খিত পরিবর্তন ঘটাতে সহায়তা করে।

১.১ প্রশিক্ষণের লক্ষ্য ও উদ্দেশ্য

লক্ষ্য: মৎস্য খাতে আধুনিক, বিজ্ঞানমনস্ক, প্রযুক্তিজ্ঞান সম্পন্ন দক্ষ জনবল তৈরীর মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি ও সেবার মানোন্নয়ন এবং এ খাতকে সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের অন্যতম হাতিয়ার হিসেবে প্রতিষ্ঠিত করে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলা।

উদ্দেশ্য: মৎস্য অধিদপ্তরের চলমান প্রশিক্ষণ কার্যক্রমের উদ্দেশ্যসমূহ হচ্ছে-

- অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের প্রযুক্তিগত, ব্যবস্থাপনাগত এবং প্রশাসনিক জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির যুগোপযোগী পরিবর্তনের মাধ্যমে দায়িত্বশীল, সক্ষম ও সর্বোচ্চ পেশাদারিত্ব সম্পন্ন জনবল হিসাবে গড়ে তোলা এবং সেবার মানোন্নয়ন
- কর্মকর্তা-কর্মচারীদের সর্বশেষ প্রযুক্তিগত উৎকর্ষতা ও তথ্য সম্পর্কে হালনাগাদ রাখা
- দেশব্যাপী মৎস্য ও চিংড়িচাষি, জেলে, মৎস্যজীবী এবং মৎস্যখাতের সাথে সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গের জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির উন্নয়নের মাধ্যমে উৎপাদনমুখী জনশক্তি গড়ে তোলা
- সামুদ্রিক ও অভ্যন্তরীণ মৎস্য সম্পদ ব্যাবস্থাপনা জোরদারকরণ এবং উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ
- মৎস্য সেক্টরে ব্যাপক কর্মসংস্থানের মাধ্যমে মৎস্যজীবীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরন
- Farm to Fork Approach এর আওতায় মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণ ও রপ্তানি আয় বৃদ্ধির মাধ্যমে জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন
- জলজ পরিবেশ উন্নয়ন ও জীববৈচিত্র্য রক্ষা

১.২ প্রশিক্ষণের ক্ষেত্রসমূহ

চলতি ২০১৪-২০১৫ অর্থবছরে প্রশিক্ষণের অগ্রাধিকার ক্ষেত্রসমূহ:

- সামুদ্রিক ও অভ্যন্তরীণ মৎস্য সম্পদ সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উন্নয়ন (CCRF, IUU Fishing, Fisheries Acts & Rules)

- নবনিযুক্ত কর্মকর্তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি
- উন্নত মৎস্যচাষ সম্প্রসারণ ও চিংড়ি চাষে ৩ ধাপ উন্নয়ন (3 step development)
- নিরাপদ মৎস্য উৎপাদন ও মান নিয়ন্ত্রণ
- আর্থিক (অডিট এন্ড একাউন্টস) ও প্রশাসনিক ব্যবস্থাপনা
- জলজ পরিবেশ ও জীববৈচিত্র্য

২. প্রশিক্ষণ বাস্তবায়ন কৌশল

২.১ সকলের জন্য প্রশিক্ষণ

মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের প্রযুক্তিগত, ব্যবস্থাপনাগত এবং প্রশাসনিক জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির যুগোপযোগী পরিবর্তনের মাধ্যমে দায়িত্বশীল, সক্ষম, দক্ষ ও সর্বোচ্চ পেশাদারিত্বসম্পন্ন জনবল গড়ে তোলার জন্য সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের পর্যায়ক্রমে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। পাশাপাশি মৎস্য ও চিংড়ি চাষি, মৎস্যজীবী, জেলে, পোনা উৎপাদনকারী এবং মৎস্যখাতের সাথে সংশ্লিষ্ট (ব্যবস্থাপনা, আহরণ, বিপণন, প্রক্রিয়াজাতকরণ ইত্যাদি) অন্যান্য ব্যক্তিবর্গের প্রযুক্তিগত জ্ঞান দক্ষতা ও দৃষ্টিভঙ্গি উন্নয়নের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি, ব্যাপক কর্মসংস্থান এবং অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে মৎস্য অধিদপ্তরের অধিন দেশের সকল প্রশিক্ষণ একাডেমি/ইনস্টিটিউট/কেন্দ্র, সামুদ্রিক মৎস্য দপ্তর, বিভাগ, জেলা ও উপজেলা মৎস্য দপ্তর এবং সরকারী মৎস্যবীজ উৎপাদন খামার/প্রদর্শণী খামার/কেন্দ্রসমূহের মাধ্যমে প্রশিক্ষণ বাস্তবায়ন করা হবে। এছাড়া, মৎস্যখাতে বেকার যুবক এবং নারীর অংশগ্রহণকে উৎসাহিতকরণের জন্য প্রশিক্ষণে তাদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে।

২.২ প্রশিক্ষক প্রশিক্ষণ ও বিভাগীয় প্রশিক্ষক পুল উন্নয়ন

মৎস্য অধিদপ্তরের নিয়মিত রাজস্ব ও উন্নয়ন প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় দক্ষ প্রশিক্ষকের চাহিদা পূরণের জন্য প্রশিক্ষণ শাখার নিয়ন্ত্রণে একটি বিভাগীয় প্রশিক্ষক পুল রয়েছে। বর্তমানে বিভাগীয় প্রশিক্ষক পুলের অনেক কর্মকর্তা উপ-পরিচালক, প্রকল্প পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তা, হেড কোয়ার্টারের বিভিন্ন শাখার সহকারী পরিচালকসহ অন্যান্য গুরুত্বপূর্ণ দায়িত্বে নিয়োজিত হওয়ায় বিভাগীয় প্রশিক্ষকের স্বল্পতা বিবেচনায় রেখে পুরাতন ও নতুন প্রজন্মের যোগ্য, দক্ষ ও সম্ভাবনাময় কর্মকর্তাদের সমন্বয়ে চলতি বছরে ডিটি পুলে নতুন ডিটি অন্তর্ভূক্ত করা হবে। আন্তর্জাতিক বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার সহায়তায়, বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আর্থিক সহায়তায় এবং রাজস্ব খাতে প্রশিক্ষণ শাখার মাধ্যমে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষক প্রশিক্ষণ বাস্তবায়ন এর মাধ্যমে বিভাগীয় প্রশিক্ষকদের যোগ্যতা ও দক্ষতা উন্নয়ন করা হবে। এছাড়া, বৈদেশিক প্রশিক্ষণে বিভাগীয় প্রশিক্ষকদের অংশগ্রহণে অগ্রাধিকার প্রদান করা হবে। এ সকল প্রশিক্ষক প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ তাঁদের জ্ঞান ও দক্ষতা উন্নয়নে কার্যকর ভূমিকা রাখবে যা সর্বোপরি অধিদপ্তরের প্রশিক্ষণ কার্যক্রমকে কার্যকরভাবে বাস্তবায়নে সহায়ক হবে।

২.৩ প্রশিক্ষণ বাস্তবায়ন পদ্ধতি

মৎস্য অধিদপ্তরের সকল প্রশিক্ষণ অধিদপ্তরের প্রশিক্ষণ শাখার মাধ্যমে সমন্বয় করা হবে। অধিদপ্তরের প্রশিক্ষণ কার্যক্রমসমূহকে অংশগ্রহণকারীর ধরন বিবেচনায় প্রধানত দুই ভাগে বিভক্ত করা হয়, যেমন:

ক) অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের জ্ঞান ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং
খ) মৎস্য ও চিংড়িচাষি, মৎস্যজীবী, জেলে এবং মৎস্যখাতের সাথে সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গের দক্ষতা উন্নয়ন, সচেতনতামূলক ও উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ কার্যক্রম।

প্রশিক্ষণের বিষয়বস্তু নির্ধারণে মাঠ পর্যায়সহ সকল স্টেকহোল্ডারের চাহিদা, প্রয়োজনীয়তা বা উপযোগিতা (utility), উৎপাদনশীলতা, সংশ্লিষ্টতা ইত্যাদি বিবেচনা করা হবে। প্রতিটি প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থীর সংখ্যা সাধারণভাবে

১৫-২৫ এর মধ্যে সীমাবদ্ধ রাখা হবে। বিশেষ প্রয়োজনে পরিবেশ-পরিস্থিতি বিবেচনায় এ সংখ্যা কম/বেশী হতে পারে। কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণসমূহ সাধারণত ৩ থেকে ১২ দিন এবং সুফলভোগীদের প্রশিক্ষণসমূহ ১ থেকে ৩ দিন মেয়াদে সম্পন্ন করা হবে। তবে কর্মকর্তা-কর্মচারীদের বিশেষ কোন বিষয়ে দক্ষতা উন্নয়ন, সচেতনতা, অবহিতকরণ বা উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ বা প্রশিক্ষণ-কর্মশালা কেন্দ্রীয়, বিভাগীয় বা জেলা মৎস্য ভবনে অনাবাসিকভাবে ১-৩ দিন মেয়াদেও হতে পারে।

প্রতিদিন নূন্যতম ৬ (ছয়) ঘন্টাব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে। সাধারণভাবে প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজিত প্রশিক্ষণে বিভাগীয় প্রশিক্ষকগণ প্রশিক্ষকের দায়িত্ব পালন করবেন। তবে, কোন বিশেষ প্রশিক্ষণ বা বিষয়ে অধিদপ্তরের দক্ষ কর্মকর্তা বা অন্য কোন বিশেষজ্ঞ ব্যক্তি/কর্মকর্তাকে প্রশিক্ষক/রিসোর্স পার্সন হিসেবে দায়িত্ব দেয়া যাবে। মাঠ পর্যায়ে মৎস্য ও চিংড়িচাষি, মৎস্যজীবী, জেলে ও অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণে স্থানীয় ও পার্শ্ববর্তী উপজেলা/ খামারের কর্মকর্তাগণ প্রশিক্ষকের দায়িত্ব পালন করবেন। তবে ক্ষেত্র বিশেষে স্থানীয় পর্যায়ে মৎস্য চাষে অভিজ্ঞ ব্যক্তিকে প্রশিক্ষক নির্বাচন করা যাবে।

মৎস্য খাতের অধিকাংশ প্রশিক্ষণই প্রযুক্তিঘন অর্থাৎ বিজ্ঞান ও প্রযুক্তি ভিত্তিক হওয়ায় উক্ত প্রশিক্ষণসমূহ অধিক কার্যকর করার জন্য ব্যবহারিক ক্লাস এবং বাস্তব অভিজ্ঞতা বিনিময়ের জন্য মাঠ সফরের ব্যবস্থা রাখা হবে এবং প্রশিক্ষণসমূহ গতানুগতিক লেকচার ভিত্তিক না হয়ে অংশগ্রহণমূলক পদ্ধতিতে বাস্তবায়ন করা হয়। এছাড়া প্রতিটি প্রশিক্ষণে বয়স্ক শিক্ষণের আধুনিক কলাকৌশল ব্যবহারের ওপর গুরুত্ব প্রদান করা হবে। প্রশিক্ষণে দ্বৈততা কমানো বা পরিহার করার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তর নিজ নিজ ড্যাটাবেজ সংরক্ষণ করবে। প্রশিক্ষণ শাখা কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ বিষয়ে একটি ড্যাটাবেজ সংরক্ষণ করবে এবং বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও রাজস্ব খাতের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মধ্যে যোগাযোগ রক্ষা ও সমন্বয় সাধন করা হবে।

বাংলাদেশে মৎস্য চাষ ও ব্যাবস্থাপনায় প্রযুক্তিগত উৎকর্ষতা এলাকাভিত্তিক বিভিন্ন রকম। অধিদপ্তরের সময় ও সামর্থ বিবেচনায় প্রয়োজন বোধে প্রশিক্ষণে অভিজ্ঞতা বিনিময় সফরের আয়োজন করা হবে। প্রশিক্ষণের বিষয়বস্তুকে আকর্ষনীয় ও গ্রহণ উপযোগী করার জন্য আধুনিক প্রশিক্ষণ সামগ্রী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা হবে। প্রশিক্ষণ বাস্তবায়নের সকল ব্যয় মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত "প্রশিক্ষণ ব্যয়ের প্রাক্কলন" মোতাবেক সম্পন্ন করা হবে।

২.৪ রিফ্রেশার কোর্স

মৎস্য অধিদপ্তরের অধিকাংশ প্রশিক্ষণই প্রযুক্তি নির্ভর। কাজেই, অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের নতুন নতুন তথ্য-প্রযুক্তির সাথে হালনাগাদ রেখে তাঁদের মাধ্যমে মাঠ পর্যায়ে উন্নত সেবা নিশ্চিত করা এবং মৎস্য চাষী, মৎস্যজীবীসহ সকল শ্রেণীর সুফলভোগীদের মাধ্যমে দেশের মৎস্য উৎপাদন উত্তরোত্তর বৃদ্ধির নিমিত্ত বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় রিফ্রেশার কোর্সের ব্যবস্থা করা হবে। রিফ্রেশার কোর্স সমূহ সাধারণত প্রশিক্ষণার্থীর ধরন ও বিষয়বস্তু বিবেচনায় ১-৩ দিন মেয়াদে বাস্তবায়ন করা হবে।

২.৫ বিশেষ কোর্স

২.৫.১ নবনিয়োগপ্রাপ্তদের জন্য বিশেষ কোর্স

মৎস্য অধিদপ্তরের নবনিয়োগপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের জন্য নিয়োগোত্তর ন্যূনতম সময়ের মধ্যে অধিদপ্তরের লক্ষ্য, উদ্দেশ্য, কর্মক্ষেত্র, কর্মপরিবেশ, কর্মপদ্ধতিসহ সার্বিক বিষয়ে ওরিয়েন্টেশন কোর্সের ব্যবস্থা করা হবে যাতে করে তারা তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে ভাল ধারণা লাভ করতে পারে, তাঁদের কর্মপরিবেশ সম্পর্কে জানতে পারে এবং নিজ দায়িত্ব সম্পর্কে অঙ্গীকারাবদ্ধ হয়। নবনিয়োগপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে যারা মাঠ পর্যায়ে সম্পসারণ কাজ বাস্তবায়ন করবেন তাদের জন্য বাধ্যতামূলক "মৌলিক সম্প্রসারণ প্রশিক্ষণ" এর ব্যবস্থা করা হবে। প্রত্যেক নবনিয়োগপ্রাপ্ত ক্যাডার কর্মকর্তাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে বিপিএটিসি-তে বাধ্যতামূলক বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণ অগ্রাধিকারভিত্তিতে নিশ্চিত করা হবে। এছাড়া নন-ক্যাডার কর্মকর্তাদের স্থায়ীকরণের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অয়োজিত বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২.৫.২ বিষয় ভিত্তিক বিশেষ কোর্স

দেশের খাদ্য নিরাপত্তা, জনস্বাস্থ্য সংরক্ষণ এবং জাতীয় অর্থনীতিতে মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জনের গুরুত্ব বিবেচনায় রেখে নিরাপদ ও মানসম্পন্ন মৎস্য উৎপাদনে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারী এবং সুফলভোগীদের পর্যায়ক্রমে Good Aquaculture Practice and Food Safety Issues, জলজ পরিবেশ উন্নয়ন, জীববৈচিত্র্য রক্ষা, সামুদ্রিক মৎস্যসম্পদ ব্যবস্থাপনা, মৎস্য সেক্টরের সাথে সম্পর্কিত সকল আইন, বিধি ও অধ্যাদেশ ইত্যাদি বিষয়ে অগ্রাধিকার ভিত্তিতে প্রশিক্ষণ, উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ-কর্মশালা বা অবহিতকরণ প্রশিক্ষণ এবং ফলোআপ প্রশিক্ষণ প্রদান করা হবে।

কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে কাজের গতি বৃদ্ধির অন্যতম হাতিয়ার হিসেবে বিবেচনায় রেখে মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের এ বিষয়ে দক্ষতা বৃদ্ধির নিমিত্ত নিজস্ব প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নিয়মিত কোর্সের পাশাপাশি প্রয়োজনে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলসহ অন্যান্য বিশেষায়িত প্রতিষ্ঠানে বিশেষ কোর্সের ব্যবস্থা করা হবে। অধিদপ্তরের আই,টি কোর টিমের সক্ষমতা বৃদ্ধির জন্য উক্ত টিমের সদস্যবৃন্দকে এ বিষয়ে অগ্রাধিকার প্রদান করা হবে। তাছাড়া বিশেষ প্রয়োজনে চাহিদার প্রেক্ষিতে প্রশিক্ষণ পরিকল্পনা রিভাইজ করে নতুন কোর্স অন্তর্ভূক্ত করা হবে।

অধিদপ্তরের আর্থিক ব্যবস্থাপনা ও স্বচ্ছতা জোরদার করার জন্য আর্থিক ব্যবস্থাপনা, পিপিআর এবং অডিট সংশ্লিষ্ট বিষয়ে মৎস্য অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা, দপ্তর প্রধান এবং বিভাগীয় প্রশিক্ষকদের বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। এজন্য প্রয়োজনে বিপিএটিসি, ফিমা, বিআইএম, প্ল্যানিং একাডেমিসহ অন্যান্য সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠানে উপযুক্ত কোর্সে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।

মৎস্য অধিদপ্তরের বিগত ১ বছরের কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা, মাঠ পর্যায়ে বিরাজমান সমস্যা ও সম্ভাবনা বিশ্লেষণ এবং ভবিষ্যত কর্মকৌশল নির্ধারণের লক্ষ্যে প্রতি বছর জেলা মৎস্য কর্মকর্তাদের প্রশিক্ষণ-কর্মশালা বা সম্মেলন আয়োজন করা হবে। এ প্রশিক্ষণ কর্মশালায় মৎস্য অধিদপ্তরের মূল চালিকাশক্তি তথা জেলা মৎস্য কর্মকর্তাগণ সরাসরি মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং সচিব মহোদয়ের সাথে তাঁদের জেলার মৎস্য খাতের সমস্যা ও সম্ভাবনা নিয়ে বিশ্লেষণধর্মী আলোচনা করবেন এবং পরবর্তী করণীয় বিষয়ে মন্ত্রী মহোদয়ের পরামর্শ ও নির্দেশনা গ্রহণ করবেন।

অধিদপ্তরের মানবসম্পদ উন্নয়নের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী অগ্রাধিকার ক্ষেত্রসমূহের পাশাপাশি সরকার নির্ধারিত গুরুত্বপূর্ণ বিষয়সমুহ যেমন: জেন্ডার, দূর্যোগ ব্যবস্থাপনা, তথ্য অধিকার আইন, অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা ইত্যাতি বিষয়ে ১ ঘন্টার বিশেষ এক বা একাধিক ক্লাস প্রাশক্ষণ কার্যক্রমে অন্তর্ভূক্ত করা হবে। চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে কর্মকর্তা-কর্মচারীদের সকল প্রশিক্ষণে তথ্য অধিকার আইন এবং অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ে ১টি করে মোট ২টি বিশেষ ক্লাস নেয়া হবে।

২.৫.৩ জেলা মৎস্য দপ্তরে বিশেষ দক্ষতা উন্নয়ন কার্যক্রম

প্রত্যেক জেলা মৎস্য দপ্তরে মাসিক সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে 'প্রশাসনিক, আর্থিক ও অফিস ব্যবস্থাপনা' বিষয়ে ন্যূনতম ১ ঘন্টার ১টি সেশন এবং 'প্রযুক্তিগত ও অন্যান্য' বিষয়ে ন্যূনতম ১ ঘন্টার ১টি কারিগরী অধিবেশন বা সেশন স্থানীয় চাহিদার ভিত্তিতে বাস্তবায়ন করা হবে। এক্ষেত্রে জেলা মৎস্য কর্মকর্তা নিজে বা তাঁর তত্ত্বাবধানে উপস্থিত কর্মকর্তাদের মধ্য হতে যোগ্য কোন কর্মকর্তা ফ্যাসিলিটেটর হিসেবে কাজ করবেন। প্রত্যেক মাসে কোন জেলা মৎস্য দপ্তরে কী কী বিষয়ে কত সময় দক্ষতা উন্নয়ন কার্যক্রম/ আলোচনা হয়েছে তার প্রতিবেদন সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা পরবর্তী মাসের ১ম সপ্তাহে বিভাগীয় উপপরিচালক বরাবর প্রেরণ করবেন। বিভাগীয় উপপরিচালক তাঁর বিভাগের সকল জেলার একীভূত মাসিক প্রতিবেদন মৎস্য অধিদপ্তরের প্রশিক্ষণ শাখায় ই-মেইলের মাধ্যমে প্রেরণ করবেন।

৩. পরিবীক্ষণ, তদারকী ও মূল্যায়ন

প্রশিক্ষণ কেন্দ্রসমূহে এবং জেলা মৎস্য দপ্তরসমূহে অনুমোদিত প্রশিক্ষণ বাস্তবায়ন নির্দেশিকা এবং বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনার লক্ষ্যমাত্রা ও নির্দেশনা মোতাবেক কার্যকরভাবে প্রশিক্ষণ বাস্তবায়িত হচ্ছে কিনা তা সংশ্লিষ্ট বিভাগের উপ-পরিচালক পরিবীক্ষণ, তদারকী ও মূল্যায়ন করবেন। মাঠ পর্যায়ে উপজেলা মৎস্য দপ্তর, মৎস্যবীজ উৎপাদন খামার, মিনি হ্যাচারি এবং প্রদর্শণী খামারে বাস্তবায়িত প্রশিক্ষণসমূহ সংশ্লিষ্ট জেলার জেলা মৎস্য কর্মকর্তা পরিবীক্ষণ, তদারকী ও মূল্যায়ন করবেন। সামগ্রিকভাবে সকল প্রশিক্ষণ অনুমোদিত প্রশিক্ষণ বাস্তবায়ন নির্দেশিকা এবং বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনার লক্ষ্যমাত্রা ও নির্দেশনা মোতাবেক কার্যকরভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা প্রশিক্ষণ শাখার শাখা প্রধান এবং কর্মরত কর্মকর্তাগণ দৈবচয়ন পদ্ধতিতে পরিদর্শন ও পর্যালোচনার মাধ্যমে পরিবীক্ষণ, মূল্যায়ন ও তদারকী করবেন এবং এ বিষয়ে মহাপরিচালক মহোদয়কে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবেন। এছাড়া মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ কর্তৃক প্রয়োজনে এক বা একাধিক 'কেন্দ্রীয় প্রশিক্ষণ পরিবীক্ষণ দল' গঠন করা হবে যারা অনুমোদিত প্রশিক্ষণ বাস্তবায়ন নির্দেশিকা এবং বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনার লক্ষ্যমাত্রা ও নির্দেশনা মোতাবেক কার্যকরভাবে প্রশিক্ষণ বাস্তবায়িত হচ্ছে কিনা তা পরিদর্শন ও পর্যালোচনার মাধ্যমে পরিবীক্ষণ ও মূল্যায়ন করবেন এবং এ বিষয়ে মহাপরিচালক মহোদয়কে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবেন।

৪. প্রশিক্ষণ বাস্তবায়ন প্রতিবেদন (রিপোর্টিং)

প্রশিক্ষণ কেন্দ্র/ দপ্তর প্রধান প্রতি মাসে বাস্তবায়িত প্রশিক্ষণ কার্যক্রমের নিজস্ব মূল্যায়ন ও অগ্রগতির মাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তার মাধ্যমে বিভাগীয় উপ-পরিচালক বরাবর প্রেরণ করবেন। উপ-পরিচালক একীভূত মাসিক প্রশিক্ষণ প্রতিবেদন তাঁহার মতামত/মূল্যায়নসহ মহাপরিচালক বরাবরে মৎস্য অধিদপ্তরের প্রশিক্ষণ শাখায় প্রেরণ করবেন। প্রশিক্ষণ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন (রাজস্ব ও উন্নয়ন প্রকল্প পৃথক পৃথক ভাবে) সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্র/দপ্তর বৎসর শেষে বিভাগীয় উপপরিচালকের মাধ্যমে মহাপরিচালক বরাবর প্রেরণ করবেন। তবে, পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা এবং অধ্যক্ষ, মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর তাঁদের মাসিক এবং বার্ষিক প্রশিক্ষণ বাস্তবায়ন প্রতিবেদনসমূহ সরাসরি মহাপরিচালক বরাবর প্রেরণ করবেন। অধিদপ্তরের সাথে অধস্তন দপ্তরের কার্যকর যোগাযোগ এর জন্য অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইট এবং ই-মেইল পদ্ধতিকে অগ্রাধিকার প্রদান করা হবে এবং ইন্টারনেটসহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কার্যকর ব্যাবহারের উদ্যোগ গ্রহণ করা হবে।

৫. প্রশিক্ষণ প্রভাব নিরূপন

যে কোন কার্যক্রম বাস্তবায়নের ফলে উন্নয়ন এবং উৎপাদনশীলতায় এর কি প্রভাব পড়েছে তা নিরূপন অতীব জরুরী। এটি উন্নয়ন নির্দেশক (Indicator) এবং প্রতিষ্ঠানের ভবিষ্যত পরিকল্পনা প্রণয়নের দিকনির্দেশক (Guideline) হিসাবে কাজ করে। প্রশিক্ষণ বাস্তবায়নকারী প্রতিটি দপ্তর প্রশিক্ষণ সমাপ্তির ১ বছর পর সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রশিক্ষণের প্রভাব নিরূপন প্রতিবেদন প্রণয়নপূর্বক ঊর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করবে। মৎস্য অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়িত প্রশিক্ষণসমুহ দক্ষতা উন্নয়ন, প্রযুক্তিগ্রহণ এবং উৎপাদনশীলতা বৃদ্ধিতে কি ভূমিকা রাখছে তা নিরূপনের জন্য প্রত্যেক উপজেলার তথ্য-উপাত্ত সংগ্রহ করে সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তাগণ জেলার জন্য একটি প্রভাব প্রতিবেদন তৈরী করে সংশ্লিষ্ট বিভাগের উপপরিচালক বরাবর প্রেরণ করবেন। উপপরিচালক স্ব স্ব বিভাগের বাস্তবায়িত প্রশিক্ষণের প্রভাব নিরূপন প্রতিবেদন মৎস্য অধিদপ্তরের প্রশিক্ষণ শাখায় প্রেরণ করবেন। এর পাশাপাশি প্রশিক্ষণ শাখা নিজস্ব তত্বাবধানে দৈবচয়ন পদ্ধতিতে বাস্তবায়িত প্রশিক্ষণের প্রভাব নিরূপন করবে এবং সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক ও জেলা মৎস্য কর্মকর্তার মাধ্যমে বিষয়টি সমন্বয় করবে।

৬. প্রাতিষ্ঠানিক কাঠামো

৬.১ মৎস্য প্রশিক্ষণ একাডেমি, ইনস্টিটিউট, প্রশিক্ষণ ও সম্প্রসারণ কেন্দ্রসমূহ

মৎস্য অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের আবাসিক প্রশিক্ষণ অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন মৎস্য প্রশিক্ষণ একাডেমি, ইনস্টিটিউট এবং বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে বাস্তবায়ন করা হয়। মৎস্য অধিদপ্তরের প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের তালিকা নিম্নরূপ:

ক্রমিক নং	প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	প্রতিষ্ঠান প্রধান/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী	যোগাযোগ নাম্বার
১.	মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা	মো: আব্দুল জলিল, পরিচালক	০২-৭৭১২৫১৮
২.	মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর	মোহাম্মদ হাসান, অধ্যক্ষ	০৮৪১-৬৩৪০২
৩.	মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর, লক্ষ্মীপুর	এস. এম. মহিব উল্যাহ ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	০৩৮২২-৫৬০৩৭
৪.	মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, পার্বতীপুর, দিনাজপুর	তপন কুমার দাস প্রশিক্ষণ কর্মকর্তা	০৫৩৩৪-৭৪৩২৪ ০৫৩৩৪-৭৪৪০২
৫.	মৎস্য প্রশিক্ষণ ও সম্প্রসারণ কেন্দ্র, পূর্ব গঙ্গাবর্দী, ফরিদপুর	কাজী মাহবুবুল হক অধ্যক্ষ	০৬৩১-৬২৪৫৭
৬.	মৎস্য প্রশিক্ষণ কেন্দ্র, নাটোর	কে. এম. আব্দুল হালিম, খামার ব্যবস্থাপক	০৭৭১-৬২৯১৮
৭.	মৎস্য প্রশিক্ষণ ও সম্প্রসারণ কেন্দ্র, মাসকান্দা, ময়মনসিংহ	মো: শফিকুল ইসলাম খামার ব্যবস্থাপক	০৯১-৬৬৩৩৯
৮.	মৎস্য প্রশিক্ষণ কেন্দ্র, কোটচাঁদপুর, ঝিনাইদহ	কাজী হেলেনা আরজু, প্রশিক্ষণ কর্মকর্তা	০৫৩৩৪-৭৪৩২৪
৯.	মৎস্য প্রশিক্ষণ কেন্দ্র, এডিবি হ্যাচারি, চরপাড়া, কক্সবাজার	ড. মঈন উদ্দিন আহামদ প্রকল্প ব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব)	০১৫৫৪৩১৩১৭৫
১০.	মৎস্য প্রশিক্ষণ কেন্দ্র, রাঙ্গামাটি	মো: আব্দুল হান্নান মিয়া জেলা মৎস্য কর্মকর্তা, রাঙ্গামাটি	০৩৫১৬২৩২৭ ০১৭১২-৬৫৭৯০০

৬.২ সামুদ্রিক, বিভাগীয়, জেলা ও উপজেলা মৎস্য দপ্তর

মৎস্য অধিদপ্তরের অধিনস্ত ৬৪টি জেলা মৎস্য দপ্তর এবং ৪৭৮টি উপজেলা মৎস্য দপ্তরের মাধ্যমে সারা দেশে মৎস্য ও চিংড়ি চাষি, মৎস্যজীবী, জেলে, মৎস্য ব্যবসায়ী এবং মৎস্যখাতের সাথে সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গ/ উদ্যোক্তাদের চাহিদা ও উপযোগীতাভিত্তিক অনাবাসিক প্রশিক্ষণ প্রয়োজনীয় অর্থের সংস্থান ও অধিদপ্তরের পরিকল্পনা মোতাবেক প্রদান করা হবে। এছাড়া সামুদ্রিক মৎস্য দপ্তর, ৭টি বিভাগীয় মৎস্য দপ্তর ও জেলা মৎস্য দপ্তরের মাধ্যমে সংশ্লিষ্ট জেলার কর্মকর্তা-কর্মচারী এবং সুফলভোগীদের বিশেষ বিষয়ে দক্ষতা উন্নয়ন, সচেতনতা ও উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণও প্রদান করা হবে।

৬.৩ মৎস্যবীজ উৎপাদন খামার ও প্রদর্শণী খামার

মৎস্য অধিদপ্তরের অধীন বিভিন্ন জেলায় মোট ১০৯টি মৎস্যবীজ উৎপাদন খামার, ১৭টি মিনি হ্যাচারি এবং ৬টি 'প্রদর্শণী খামার, সম্প্রসারণ ও প্রশিক্ষণ কেন্দ্র' রয়েছে যা চাষি প্রশিক্ষণের জন্য অত্যন্ত উপযোগী। এ সমস্ত প্রতিষ্ঠানে চাষি পর্যায়ে হাতে কলমে প্রশিক্ষণের এবং ফলাফল ও পদ্ধতি প্রদর্শণের সুযোগ রয়েছে। এ সমস্ত খামারের মাধ্যমে মৎস্য ও চিংড়ি চাষি, এবং পোনা উৎপাদনকারীদের চাহিদা ও উপযোগীতাভিত্তিক অনাবাসিক প্রশিক্ষণ প্রয়োজনীয় অর্থের সংস্থান ও অধিদপ্তরের পরিকল্পনা মোতাবেক প্রদান করা হবে।

৭. প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন কমিটি

মৎস্য অধিদপ্তরের রাজস্বখাতে বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন কমিটি নিম্নরূপ:

ক্রমিক	কর্মকর্তার নাম ও পদবী	কর্মস্থল	পদ
ক)	মহাপরিচালক	মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা	উপদেষ্টা
খ)	পরিচালক (রিজার্ভ)	মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা	উপদেষ্টা
গ)	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মপজ)	মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা	উপদেষ্টা
ঘ)	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মাননিয়ন্ত্রণ)	মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা	উপদেষ্টা
১.	উপ-পরিচালক (প্রশাসন)	মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা	সভাপতি
২.	উপ-পরিচালক (মৎস্য চাষ)	মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা	সদস্য
৩.	উপ-পরিচালক (অর্থ ও পরিকল্পনা)	মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা	সদস্য
৪.	জনাব মোঃ আবুল খায়ের, জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও ডিএনপিডি (MFCBP)	মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা	সদস্য
৫.	জনাব মো: আবুল হাশেম জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও প্রকল্প পরিচালক (WBRP)	মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা	সদস্য
৬.	জনাব মোঃ আরিফুর রহমান তরফদার প্রকল্প পরিচালক, জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান প্রকল্প	মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা	সদস্য
৭.	জনাব মোঃ জাহিদ হোসেন, সহকারী পরিচালক (অর্থ)	মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা	সদস্য
৮.	ড. আলী মুহম্মদ ওমর ফারুক, সহকারী পরিচালক (সেবা ও সরবরাহ)	মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা	সদস্য
৯.	জনাব মুহাম্মদ মামুনুর রশিদ, সহকারী পরিচালক	মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা	সদস্য
১০.	জনাব মোহাম্মদ শরিফুল আজম, গবেষণা কর্মকর্তা	মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা	সদস্য
১১.	জনাব মো: মজিবুর রহমান সহকারী পরিচালক (প্রশিক্ষণ)	মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা	সদস্য সচিব

৮. বিগত ৫ বছরে মৎস্য অধিদপ্তরের রাজস্বখাতে প্রশিক্ষণ বাস্তবায়ন

বিগত ৫ বছরে মৎস্য অধিদপ্তরে রাজস্ব অর্থায়নে কর্মকর্তা-কর্মচারী এবং সুফলভোগী পর্যায়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ এবং বৈদেশিক সরকার ও উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়নে বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়ন নিম্নের ছকে লিপিবদ্ধ করা হলো:

অর্থ বছর	অভ্যন্তরীণ প্রশিক্ষণ		বৈদেশিক প্রশিক্ষণ		বক্তব্য
	কর্মকর্তা-কর্মচারী	সুফলভোগী	কর্মকর্তা-কর্মচারী	সুফলভোগী	
২০০৯-২০১০	৯২৮ জন	১৬,৩২০ জন	৬৯ জন	৮ জন	
২০১০-২০১১	৭৮২ জন	২১,৫৮০ জন	৯৯ জন	১৩ জন	(৭জন এমপিসহ)
২০১১-২০১২	৭৯০ জন	২৬,৪৮০ জন	১৬৬ জন	৩ জন	
২০১২-২০১৩	৯১৬ জন	২৬,৭২০ জন	১০৩ জন	-	
২০১৩-২০১৪	৬৫৪ জন	৩০,৯৫৭ জন	৭৬ জন	-	

৯. প্রশিক্ষণ বাজেট (২০১৪-২০১৫)

২০১৪-২০১৫ অর্থবছরে প্রশিক্ষণ এবং সেমিনার, কনফারেন্স খাতে প্রাপ্ত বরাদ্দ নিম্নরুপ:

অর্থনৈতিক কোড	খাতভূক্ত দপ্তর/প্রশিক্ষণ কেন্দ্রসমূহ	বরাদ্দ (লক্ষ টাকা)
৩-৪৪৩১-০০০০-৪৮৪০ **প্রশিক্ষণ ব্যয়**	• মৎস্য অধিদপ্তর (সদর দপ্তর) • সামুদ্রিক মৎস্য দপ্তর • জেলা মৎস্য দপ্তর ৬৪ টি • মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার • মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর • মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর, লক্ষ্মীপুর • মৎস্য প্রশিক্ষণ কেন্দ্র, নাটোর • মৎস্য প্রশিক্ষণ ও সম্প্রসারণ কেন্দ্র, মাসকান্দা, ময়মনসিংহ • মৎস্য প্রশিক্ষণ কেন্দ্র, রাঙ্গামাটি • মৎস্যবীজ উৎপাদন খামার ৩০টি • মিনি হ্যাচারি ১টি	৫০
৩-৪৪৩২-০০০৭-৪৮৪০ **প্রশিক্ষণ ব্যয়**	• মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, পার্বতীপুর, দিনাজপুর • মৎস্য প্রশিক্ষণ ও সম্প্রসারণ কেন্দ্র, পূর্ব গঙ্গাবর্দী, ফরিদপুর • মৎস্য প্রশিক্ষণ কেন্দ্র, কোটচাঁদপুর, ঝিনাইদহ • মৎস্য প্রশিক্ষণ কেন্দ্র (এডিবি), চরপাড়া, কক্সবাজার • মৎস্যবীজ উৎপাদন খামার ৭৯টি • মিনি হ্যাচারি ১৬টি • চিংড়ি চাষ প্রদর্শনী খামার ও প্রশিক্ষণ কেন্দ্র, টেকনাফ, কক্সবাজার • প্রদর্শনী খামার ও প্রশিক্ষণ কেন্দ্র, চিংড়ি চাষ সম্প্রসারণ, কালিগঞ্জ, সাতক্ষীরা	৪৫
৩-৪৪৩৫-০০০০-৪৮৪০ প্রশিক্ষণ ব্যয়	• উপজেলা মৎস্য দপ্তর সমূহ- ৪৭৮টি	**১২২**
সর্বমোট প্রশিক্ষণ বাজেট বরাদ্দ		**২১৭**
৩-৪৪৩১-০০০০-৪৮৪২ সেমিনার, কনফারেন্স	• মৎস্য অধিদপ্তর ও সংশ্লিষ্ট কোডভূক্ত অধস্তন দপ্তরসমূহ	৭
৩-৪৪৩২-০০০৭-৪৮৪২ সেমিনার, কনফারেন্স	• মৎস্য অধিদপ্তর ও সংশ্লিষ্ট কোডভূক্ত অধস্তন দপ্তরসমূহ	৬
সর্বমোট সেমিনার, কনফারেন্স বাজেট বরাদ্দ		**১৩**

১০. মৎস্য ও চিংড়ি চাষি, জেলে ও মৎস্য খাতে সংশ্লিষ্ট সুফলভোগীদের প্রশিক্ষণ

মৎস্য ও চিংড়ি চাষি, জেলে, মৎস্যজীবী, পোনা উৎপাদনকারী ও মৎস্যখাতের সাথে সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গ/ সুফলভোগীদের প্রশিক্ষণ আবাসিক/অনাবাসিকভাবে সারা দেশের জেলা ও উপজেলা মৎস্য দপ্তর, সামুদ্রিক মৎস্য দপ্তর,

সরকারী মৎস্যবীজ উৎপাদন খামার, মিনি হ্যাচারি ও প্রদর্শণী খামার এবং প্রয়োজনে প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে বাস্তবায়ন করা হবে। চলতি বছরে দেশব্যাপী ১৬০৫ ব্যাচে মোট ৩২,১০০ জন সুফলভোগীকে চাহিদা, প্রয়োজনীয়তা বা উপযোগিতা (utility), উৎপাদনশীলতা, সংশ্লিষ্টতা ইত্যাদি বিবেচনাপূর্বক মোট ১৫টি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। প্রশিক্ষণের বিষয় সমূহ এনেক্সার-১ এ এবং দপ্তরভিত্তিক বরাদ্দ বিভাজন এনেক্সার-২ এ উপস্থাপন করা হলো।

সুফলভোগী (মৎস্য ও চিংড়ি চাষি, জেলে ও অন্যান্য) প্রশিক্ষণের স্থানসমূহ ও ব্যাচ সংখ্যাঃ

ক্রমিক নং	প্রশিক্ষণের স্থান (দপ্তর সংখ্যা)	প্রশিক্ষণের ব্যাচ সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা
১.	উপজেলা মৎস্য দপ্তর (৪৭৮টি)	১,১০৯	১১০৯ ব্যাচ × ২০ জন = ২২,১৮০ জন
২.	জেলা মৎস্য দপ্তর (৬৪টি)	৬৫	৬৫ ব্যাচ × ২০ জন = ১,৩০০ জন
৩.	সামুদ্রিক মৎস্য দপ্তর (১টি)	১৫	১৫ ব্যাচ × ২০ জন = ৩০০ জন
৪.	মৎস্যবীজ উৎপাদন খামার, মিনি হ্যাচারি, চিংড়ি চাষ সম্প্রসারণ কেন্দ্র, চিংড়ি চাষ প্রদর্শণী ও প্রশিক্ষণ কেন্দ্র, মৎস্য সম্প্রসারণ ও প্রশিক্ষণ কেন্দ্র (১৩২টি)	৩৭৬	৩৭৬ ব্যাচ × ২০ জন = ৭,৫২০ জন
৫.	মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর (১টি)	৪০	৪০ ব্যাচ × ২০ জন = ৮০০ জন
	মোট =	১৬০৫ ব্যাচ	৩২,১০০ জন

- প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের সুবিধার্থে জেলা মৎস্য দপ্তরে প্রশিক্ষণ খাতে (কোড-৪৪৩১) বরাদ্দকৃত অর্থের মাধ্যমে জেলা মৎস্য দপ্তরসহ জেলার তত্ত্বাবধানে যে কোন উপজেলা/উপযুক্ত স্থানে প্রশিক্ষণ বাস্তবায়ন করা যাবে।

১১. কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ

মৎস্য অধিদপ্তরে আধুনিক, বিজ্ঞানমনস্ক, প্রযুক্তিজ্ঞান সম্পন্ন দক্ষ জনবল তৈরীর মাধ্যমে এ খাতে উৎপাদনশীলতা বৃদ্ধি এবং সেবার মানোন্নয়নের জন্য কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ, ফলোআপ প্রশিক্ষণ, অবহিতকরণ বা উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ ও প্রশিক্ষণ-কর্মশালা বাস্তবায়ন করা হবে। অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের প্রযুক্তিগত, ব্যবস্থাপনাগত এবং প্রশাসনিক জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির যুগোপযোগী পরিবর্তনের নিমিত্ত চলতি বছরে মোট ১১ টি বিষয়ে ৯২ ব্যাচে মোট ১৭৪৭ জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হবে (এনেক্সার-৩)। তাছাড়া বিশেষ প্রয়োজনে চাহিদার প্রেক্ষিতে মহাপরিচালক এর পূর্বানুমোদনক্রমে বিশেষ প্রশিক্ষণ আয়োজন করা যাবে।

মৎস্য অধিদপ্তরের অধীনে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের জন্য ১টি প্রশিক্ষণ একাডেমি, ১টি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ৪টি মৎস্য প্রশিক্ষণ কেন্দ্র, ২টি মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র এবং ২টি মৎস্য প্রশিক্ষণ ও সম্প্রসারণ কেন্দ্র রয়েছে। উক্ত প্রশিক্ষণ কেন্দ্রসমূহের অবকাঠামোগত সুবিধা, অবস্থানগত বৈশিষ্ট্য, সক্ষমতা (ব্যবস্থাপনা দক্ষতা) বিবেচনা করে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ বিভাজন এনেক্সার-৪ এ উপস্থাপন করা হলো। প্রশিক্ষণ বাজেটের কোড এবং বাস্তবায়নকারী দপ্তর ভিত্তিক একটি সম্ভাব্য বরাদ্দ বিভাজন এনেক্সার-৫ এ উপস্থাপন করা হলো। তবে, প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন কমিটির সুপারিশ এবং মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে এই বিভাজন পুনরায় পরিবর্তন করা যাবে।

১২. জাতীয়, আন্তর্জাতিক ও আঞ্চলিক পর্যায়ে সেমিনার-কনফারেন্স

মৎস্য খাতে জাতীয়, আন্তর্জাতিক ও আঞ্চলিক বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যুসমূহ পর্যালোচনা এবং এ খাতে গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের অংশগ্রহণে ভবিষ্যত কর্মকৌশল নির্ধারণে প্রয়োজনীয় সেমিনার ও কনফারেন্স কেন্দ্রীয়ভাবে মৎস্য অধিদপ্তর, ঢাকা এবং সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম ও আঞ্চলিক পর্যায়ে বিভাগীয় উপপরিচালকের দপ্তর এবং সংশ্লিষ্ট জেলা মৎস্য দপ্তরের অধিনে বাস্তবায়ন করা হবে। সেমিনার, কনফারেন্স বাস্তবায়ন সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় নির্দেশিকা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত সেমিনার, কনফারেন্স খাতে ব্যয় ইতোমধ্যে প্রশিক্ষণের জন্য অনুমোদিত ব্যয় প্রাক্কলন অনুসারে নির্বাহ করা হবে। চলতি ২০১৪-২০১৫ অর্থবছরে নিম্নলিখিত সেমিনার/কনফারেন্স সমূহ বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে।

ক) ব্যয়ের খাত: ৩-৪৪৩১-০০০০-৪৮৪২ সেমিনার, কনফারেন্স

১. জেলা মৎস্য কর্মকর্তা সম্মেলন ২০১৫
২. বাংলাদেশের সামুদ্রিক মৎস্যসম্পদ ব্যবস্থাপনা: বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ উন্নয়ন কৌশল
৩. বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলে মৎস্য চাষের বর্তমান অবস্থা ও ভবিষ্যত করনীয় বিষয়ক সেমিনার (আঞ্চলিক)
৪. বৃহত্তর খুলনা অঞ্চলে চিংড়ি ও কাঁকড়া চাষ উন্নয়নে গৃহীত পদক্ষেপ ও রপ্তাণি উন্নয়নে চ্যালেঞ্জ মোকাবেলা শীর্ষক সেমিনার (আঞ্চলিক)
৫. নিরাপদ ও কার্যকর মৎস্য খাদ্য উৎপাদন বিষয়ে মৎস্য খাদ্য উৎপাদনকারী, মৎস্য চাষি ও মৎস্য অধিদপ্তরীয় কর্মকর্তাদের কনসালটেশন সেমিনার
৬. মাছ ও চিংড়ি সাপ্লাই চেইনে পোস্ট হারভেস্ট লস নিয়ন্ত্রণে স্টেকহোল্ডার কনসালটেশন সেমিনার (বিভাগীয়, ৩টি- খুলনা, চট্টগ্রাম ও বরিশাল)
৭. মৎস্য সম্পদ উন্নয়নে বিশেষ সেমিনার/কনফারেন্স

খ) ব্যয়ের খাত: ৩-৪৪৩২-০০০৭-৪৮৪২ সেমিনার, কনফারেন্স

১. মৎস্য অধিদপ্তরীয় কর্মকর্তাদের বার্ষিক সম্মেলন ২০১৫
২. নিরাপদ ও কার্যকর একোয়া-মেডিসিন উৎপাদন বিষয়ে একোয়া-মেডিসিন উৎপাদনকারী, মৎস্য চাষি ও মৎস্য অধিদপ্তরীয় কর্মকর্তাদের কনসালটেশন সেমিনার
৩. বাংলাদেশের সামুদ্রিক মৎস্যসম্পদ ব্যবস্থাপনায় বাস্তবভিত্তিক স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী কর্মসূচির রূপরেখা প্রণয়ন
৪. মাছে রাসায়নিক দূষণ নিয়ন্ত্রণে বর্তমান সাফল্য ও ভবিষ্যত চ্যালেঞ্জ (NRCP) শীর্ষক সেমিনার
৫. মা ইলিশ সংরক্ষণে গৃহীত কার্যক্রম পর্যালোচনা ও ভবিষ্যৎ উন্নয়ন কৌশল
৬. মৎস্য সম্পদ উন্নয়নে বিশেষ সেমিনার/কনফারেন্স

- বিশেষ প্রয়োজনে/চাহিদার প্রেক্ষিতে মহাপরিচালক এর পূর্বানুমোদনক্রমে সেমিনার/কনফারেন্স এর সংখ্যা ও বিষয় পরিবর্তন হতে পারে

১৩. অর্থনৈতিক কোডভিত্তিক বিভিন্ন দপ্তরে বরাদ্দ বিভাজন ঃ

অর্থনৈতিক কোড	দপ্তরের নাম	সম্ভাব্য বরাদ্দ (টাকা)
৪৪৩১-৪৮৪০ প্রশিক্ষণ ব্যয়	সদর দপ্তর	২,৫৬,৪০০
	সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম	১,৬৫,০০০
	বিভাগীয় উপপরিচালকের দপ্তর (৭টি)	৬৭,৪০০
	জেলা মৎস্য দপ্তর (৬৪টি)	২৩,৯৪,২০০
	মৎস্য বীজ উৎপাদন খামার (৩০টি)	৬,৬০,০০০
	মিনি হ্যাচারি (১টি)	১১,০০০
	মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার	২,৭১,৪০০
	মৎস্য প্রশিক্ষণ ইন্সষ্টিটিউট, চাঁদপুর	৭,৮৪,০০০
	মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর	১,৬৪,৬০০
	মৎস্য প্রশিক্ষণ কেন্দ্র, নাটোর	১,৫১,৮০০
	মৎস্য প্রশিক্ষণ ও সম্প্রসারণ কেন্দ্র, মাসকান্দা	২৪,৬০০
	মৎস্য প্রশিক্ষণ কেন্দ্র, রাঙ্গামাটি	৪৫,০০০
	বিবিধ প্রশিক্ষণ (সদর দপ্তর ও অন্যান্য)	৪,৬০০
উপ-মোট ৪৪৩১		**৫০,০০,০০০**
৪৪৩২-৪৮৪০ প্রশিক্ষণ ব্যয়	মৎস্য বীজ উৎপাদন খামার (৭৯টি)	২৭,৮৩,০০০
	মিনি হ্যাচারি (১৬টি)	৩,৫২,০০০
	মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, পার্বতীপুর	১,৮৮,৬০০
	মৎস্য সম্প্রসারণ ও প্রশিক্ষণ কেন্দ্র, ফরিদপুর	১,৮৯,২০০
	মৎস্য প্রশিক্ষণ কেন্দ্র, কোটচাঁদপুর	১,০৫,৮০০
	মৎস্য প্রশিক্ষণ কেন্দ্র, এডিবি, চরপাড়া, কক্সবাজার	৯৩,০০০
	প্রদর্শণী খামার/ সম্প্রসারণ ও প্রশিক্ষণ কেন্দ্র (৬টি)	৩,৩০,০০০
	বিশেষ প্রয়োজনে বিবিধ প্রশিক্ষণ (সদর দপ্তর ও অন্যান্য)	৪,৫৮,৪০০
উপ-মোট ৪৪৩২		**৪৫,০০,০০০**
৪৪৩৫-৪৮৪০ প্রশিক্ষণ ব্যয়	উপজেলা মৎস্য দপ্তর	১,২২,০০,০০০
উপ-মোট ৪৪৩৫		**১,২২,০০,০০০**
সর্বমোট প্রশিক্ষণ ব্যয়		**২,১৭,০০,০০০**
৩-৪৪৩১-০০০০-৪৮৪২ সেমিনার, কনফারেন্স ব্যয়		৭,০০,০০০
৩-৪৪৩২-০০০৭-৪৮৪২ সেমিনার, কনফারেন্স ব্যয়		৬,০০,০০০
সর্বমোট সেমিনার, কনফারেন্স ব্যয়		**১৩,০০,০০০**

পরিকল্পনা অনুযায়ি প্রশিক্ষণ কার্যক্রমের কার্যকর বাস্তবায়ন নিঃসন্দেহে একটি বড় চ্যালেঞ্জ। রাজস্ব খাতে ২০১৪-২০১৫ আর্থিক সালের জন্য প্রণীত প্রশিক্ষণ পরিকল্পনা বাস্তবায়নের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মৎস্য অধিদপ্তরের বিশেষজ্ঞ কর্মকর্তাসহ অন্যান্য উন্নয়ন সহযোগী সংস্থার পরামর্শ ও সহযোগিতা গ্রহণ করা হবে। তাছাড়া বিগত বছরগুলোতে বিভিন্ন পর্যায়ে প্রশিক্ষণ বাস্তবায়ন অভিজ্ঞতা থেকে চলতি বছরের প্রশিক্ষণ কার্যক্রম আরো উন্নত ও কার্যকর করার উদ্যোগ গ্রহণ করা হবে।

(সৈয়দ আরিফ আজাদ)
মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)
মৎস্য অধিদপ্তর বাংলাদেশ
মৎস্য ভবন, ঢাকা

এনেক্সার-১

মৎস্য ও চিংড়ি চাষি, জেলে, পোনা উৎপাদনকারী ও মৎস্যখাতে সংশ্লিষ্ট সুফলভোগীদের প্রশিক্ষণ

ক্রমিক	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণের মেয়াদ	ব্যাচ সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা	প্রতি ব্যাচে ব্যয়	মোট ব্যয়
১.	গুড একুয়াকালচার প্রাকটিস এন্ড ফুড সেফটি (পুকুরে পানির গুণগত মান ব্যবস্থাপনা সহ)	১ দিন	৪৩১	৮,৬২০	১১,০০০.০০	৪৭,৪১,০০০
২.	কার্পজাতীয় মাছের উন্নত মিশ্রচাষ ব্যবস্থাপনা	১ দিন	১৩০	২,৬০০	১১,০০০.০০	১৪,৩০,০০০
৩.	মনোসেক্স তেলাপিয়ার আধানিবিড় চাষ পদ্ধতি	১ দিন	১৩০	২,৬০০	১১,০০০.০০	১৪,৩০,০০০
৪.	পাঙ্গাসের সাথে রুই/অন্যান্য মাছের মিশ্রচাষ	১ দিন	৪৯	৯৮০	১১,০০০.০০	৫,৩৯,০০০
৫.	কার্প/তেলাপিয়া মাছের নার্সারি ব্যবস্থাপনা	১ দিন	১৭০	৩,৪০০	১১,০০০.০০	১৮,৭০,০০০
৬.	চিংড়ির চাষিদের জন্য উন্নত সনাতন পদ্ধতিতে চিংড়ি চাষ (পানির গভীরতা বৃদ্ধি, নার্সারী স্থাপন এবং পিসিআর পরীক্ষীত পোনার ব্যবহার)-৩ ধাপ উন্নয়ন	১ দিন	৫৪	১,০৮০	১১,০০০.০০	৫,৯৪,০০০
৭.	মাছ ও চিংড়ি খাদ্যের গুনগত মান, খাদ্য তৈরী ও সংরক্ষণ	১ দিন	১০০	২,০০০	১১,০০০.০০	১১,০০,০০০
৮.	মাছের স্বাস্থ্য ব্যবস্থাপনা: মাছ/চিংড়ির রোগ-বালাই ও তার প্রতিকার (পুকুরে পানির গুণগত মান ব্যবস্থাপনা সহ)	১ দিন	১৪১	২,৮২০	১১,০০০.০০	১৫,৫১,০০০
৯.	ডিপ্লোমা কোর্সের বিভিন্ন প্যাকেজ এর বিষয়ভিত্তিক ইন-হাউজ-প্রশিক্ষণ	২ দিন	৪০	৮০০	১৯,০০০.০০	৭,৬০,০০০
১০.	মৎস্য সংশ্লিষ্ট আইন ও বিধিমালা এবং এর বাস্তবায়ন বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ	১ দিন	১৮০	৩,৬০০	১১,০০০.০০	১৯,৮০,০০০
১১.	দায়িত্বশীল মৎস্য আহরণ (CCRF) এবং IUU Fishing বিষয়ক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ	১ দিন	৪৫	৯০০	১১,০০০.০০	৪,৯৫,০০০
১২.	কাঁকড়া মোটাতাজাকরণ	১ দিন	১০	২০০	১১,০০০.০০	১,১০,০০০
১৩.	স্বাস্থ্যসম্মত উপায়ে মাছের শুটকী তৈরী ও সংরক্ষণ	১ দিন	২০	৪০০	১১,০০০.০০	২,২০,০০০
১৪.	মাছের আহরণোত্তর ক্ষতি (post-harvest loss) নিরসনে উত্তম ব্যবস্থাপনা	১ দিন	১০০	২,০০০	১১,০০০.০০	১১,০০,০০০
১৫.	হ্যাচারি/মৎস্য খামারের বর্জ্য ব্যবস্থাপনা	১ দিন	৫	১০০	১১,০০০.০০	৫৫,০০০
	মোট =		১৬০৫	৩২,১০০	-	১,৭৯,৭৫,০০০

- বিশেষ প্রয়োজনে/চাহিদার প্রেক্ষিতে মহাপরিচালক এর পূর্বানুমোদনক্রমে প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষণের সংখ্যা পরিবর্তন হতে পারে এবং নতুন বিষয়ে প্রশিক্ষণ অন্তর্ভূক্ত হতে পারে

এনেক্সার-২

দপ্তর ভিত্তিক চাষি/সুফলভোগী প্রশিক্ষণ এর ব্যয় বিভাজন

ক্রম	প্রশিক্ষণের বিষয়	উপজেলা (৪৪৩৫)		জেলা (৪৪৩১)		খামার (৪৪৩১)		খামার (৪৪৩২)		সামুদ্রিক (৪৪৩১)		FTI,চাঁদপুর (৪৪৩১)		সর্বমোট	
		ব্যাচ	ব্যয়	ব্যাচ	ব্যয়	ব্যাচ	ব্যয়	ব্যাচ	ব্যয়	ব্যাচ	ব্যয়			ব্যাচ	ব্যয়
১	গুড একুয়াকালচার প্রাকটিস এন্ড ফুড সেফটি	৩৮৬	৪২৪৬০০০	৪৫	৪৯৫০০০		০		০		০		০	৪৩১	৪৭৪১০০০
২	কার্পজাতীয় মাছের উন্নত মিশ্রচাষ ব্যবস্থাপনা	৮৮	৯৬৮০০০		০		০	৪২	৪৬২০০০		০		০	১৩০	১৪৩০০০০
৩	মনোসেক্স তেলাপিয়ার আধানিবিড় চাষ পদ্ধতি	১০০	১১০০০০০		০		০	৩০	৩৩০০০০		০		০	১৩০	১৪৩০০০০
৪	পাঙ্গাসের সাথে রুই/অন্যান্য মাছের মিশ্রচাষ	৪৫	৪৯৫০০০	৪	৪৪০০০		০		০		০		০	৪৯	৫৩৯০০০
৫	কার্প/তেলাপিয়া মাছের নার্সারি ব্যবস্থাপনা	৪৪	৪৮৪০০০		০	৩১	৩৪১০০০	৯৫	১০৪৫০০০		০		০	১৭০	১৮৭০০০০
৬	চিংড়ির চাষিদের জন্য উন্নত সনাতন পদ্ধতিতে চিংড়ি চাষ -৩ ধাপ উন্নয়ন	৩৩	৩৬৩০০০	৪	৪৪০০০	১	১১০০০	১৬	১৭৬০০০		০		০	৫৪	৫৯৪০০০
৭	মাছ ও চিংড়ি খাদ্যের গুনগত মান, খাদ্য তৈরী ও সংরক্ষণ	৪০	৪৪০০০০		০	২৯	৩১৯০০০	৩১	৩৪১০০০		০		০	১০০	১১০০০০০
৮	মাছের স্বাস্থ্য ব্যবস্থাপনা: মাছ/চিংড়ির রোগ-বালাই	৪০	৪৪০০০০		০		০	১০১	১১১১০০০		০		০	১৪১	১৫৫১০০০
৯	ডিপ্লোমা কোর্সের বিভিন্ন প্যাকেজ এর বিষয়ভিত্তিক ইন-হাউজ-প্রশিক্ষণ		০		০		০		০		০	৪০	৭৬০০০০	৪০	৭৬০০০০
১০	মৎস্য সংশ্লিষ্ট আইন ও বিধিমালা এবং এর বাস্তবায়ন বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ	১৭৫	১৯২৫০০০		০		০		০	৫	৫৫০০০		০	১৮০	১৯৮০০০০
১১	দায়িত্বশীল মৎস্য আহরণ (CCRF) এবং IUU Fishing বিষয়ক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ	৩৮	৪১৮০০০	২	২২০০০		০		০	৫	৫৫০০০		০	৪৫	৪৯৫০০০
১২	কাঁকড়া মোটাতাজাকরণ	১০	১১০০০০		০		০		০		০		০	১০	১১০০০০
১৩	স্বাস্থ্যসম্মত উপায়ে মাছের শুটকী তৈরী ও সংরক্ষণ	২০	২২০০০০		০		০		০		০		০	২০	২২০০০০
১৪	মাছের আহরণোত্তর ক্ষতি নিরসনে উত্তম ব্যবস্থাপনা	৯০	৯৯০০০০	৫	৫৫০০০		০		০	৫	৫৫০০০		০	১০০	১১০০০০০
১৫	হ্যাচারি/মৎস্য খামারের বর্জ্য ব্যবস্থাপনা			৫	৫৫০০০		০		০		০		০	৫	৫৫০০০
	মোট =	১১০৯	১২১৯৯০০০	৬৫	৭১৫০০০	৬১	৬৭১০০০	৩১৫	৩৪৬৫০০০	১৫	১৬৫০০০	৪০	৭৬০০০০	১৬০৫	১৭৯৭৫০০০

মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ

ক্রম নং	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণের মেয়াদ	ব্যাচ সংখ্যা	ব্যাচপ্রতি প্রশিক্ষণার্থী সংখ্যা	মোট প্রশিক্ষণার্থী সংখ্যা	ব্যাচপ্রতি সম্ভাব্য ব্যয়(টাকা)	সম্ভাব্য মোট ব্যয় (টাকা)
১.	বিসিএস (মৎস্য) ক্যাডারে নবনিয়োগপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দের (৩৩ তম বিসিএস) মৎস্য অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কিত ওরিয়েন্টেশন	৩ দিন	১	১০২	১০২	১,৪২,২০০	১,৪২,২০০
২.	নবীন কর্মকর্তাদের মৌলিক সম্প্রসারণ প্রশিক্ষণ (উ.ম.ক/সমমান কর্মকর্তা)	১২ দিন	৬	২০	১২০	১,০৬,৮০০	৬,৪০,৮০০
৩.	গুড একুয়াকালচার প্রাকটিস (সি.উ.ম.ক/এডি/ উ.ম.ক/ খা.ব্য/ম.স.ক)	৩ দিন	৪	১৬	৬৪	২৪,০০০	৯৬,০০০
৪.	গুড একুয়াকালচার প্রাকটিস (এ.এফ.ও/এফএ, অনাবাসিক)	৩ দিন	২	১৬	৩২	২৪,৬০০	৪৯,২০০
৫.	গণখাতে ক্রয় ও সংগ্রহ আইন -২০০৬ এবং বিধিমালা-২০০৮ (সি.উ.ম.ক/উ.ম.ক/স.ম.ক/ স.প্রকৌ.)	৭ দিন	৫	২০	১০০	৫৭,৮০০	২,৮৯,০০০
৬.	মৎস্য সংশ্লিষ্ট আইন, অধ্যাদেশ, বিধিমালা এবং এর বাস্তবায়ন (হ্যাচারি আইন ও খাদ্য আইনসহ) (সি.উ.ম.ক/উ.ম.ক/ ম.স.ক)	৫ দিন	৩	১৬	৪৮	৪৫,০০০	১,৩৫,০০০
৭.	বিভাগীয় পুলে নতুন প্রশিক্ষক অন্তর্ভুক্তির জন্য প্রশিক্ষণ মডিউল প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ-কর্মশালা	৫ দিন	১	১৬	১৬	৪১,৪০০	৪১,৪০০
৮.	অফিস ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ মডিউল প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ-কর্মশালা	৫ দিন	১	১৬	১৬	৪১,৪০০	৪১,৪০০
৯.	সামুদ্রিক মৎস্য ব্যবস্থাপনা: পরিবীক্ষণ, নিয়ন্ত্রণ ও তদারকি (সি. উ.ম.ক/ উ.ম.ক/ইনসপেক্টর, আঞ্চলিক ম.ক/প্রডাকসন অফিসার)*	৩ দিন	১	১৬	১৬	২৪,০০০	২৪,০০০
১০.	উপকূলীয় অঞ্চলের কর্মকর্তাদের জন্য IUU Fishing নিয়ন্ত্রণ বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ	২ দিন	৩	-	৬৫	-	৬৭,৪০০
১১.	মৎস্য জরীপ ও মনিটরিং বিষয়ে জেলা মৎস্য কর্মকর্তাদের ওরিয়েন্টেশন	১ দিন	১	৬৪	৬৪	৩১,৪০০	৩১,৪০০
১২.	অফিস সহকারী বনাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ক্ষেত্র সহকারী ও সমমান কর্মচারীদের জন্য অফিস ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ	৩ দিন	৬৪	-	১১০৪	-	১৬,৭৯,২০০
		মোট =	৯২	-	১৭৪৭	-	৩২,৩৭,০০০

- বিশেষ প্রয়োজনে/চাহিদার প্রেক্ষিতে মহাপরিচালক এর পূর্বানুমোদনক্রমে প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষণের সংখ্যা পরিবর্তন হতে পারে এবং নতুন বিষয়ে প্রশিক্ষণ অন্তর্ভূক্ত হতে পারে

বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ বিভাজন

ক্রম নং	প্রশিক্ষণের বিষয় ও মেয়াদ	প্রশিক্ষণ কেন্দ্র ওয়ারী প্রশিক্ষণের ব্যাচ সংখ্যা													মোট ব্যাচ সংখ্যা
		FTA, সাভার	FTI, চাঁদপুর	FBTC রায়পুর	FTC, নাটোর	FTEC, মাসকান্দা	FTC, রাঙ্গামাটি	মৎস্য ভবন ও অন্যান্য	বিভাগীয় ডিডির দপ্তর	জেলা মৎস্য দপ্তর	FBTC পার্বতীপুর	FTEC ফরিদপুর	FTC, কোট চাঁদপুর	FTC, এডিবি কক্সবাজার	
অর্থনৈতিক কোড		৪৪৩১	৪৪৩১	৪৪৩১	৪৪৩১	৪৪৩১	৪৪৩১	৪৪৩১	৪৪৩১	৪৪৩১	৪৪৩২	৪৪৩২	৪৪৩২	৪৪৩২	
১	নবনিয়োগপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দের ওরিয়েন্টেশন, ৩ দিন							১							১
২	নবীন কর্মকর্তাদের মৌলিক সম্প্রসারণ কোর্স ১২ দিন	২		১	১						১	১			৬
৩	গুড একুয়াকালচার প্রাকটিস, ৩ দিন					১					১	১	১	২	৬
৪	গণখাতে ক্রয় ও সংগ্রহ আইন এবং বিধিমালা, ৭ দিন	১		১							১	১	১		৫
৫	মৎস্য সংশ্লিষ্ট আইন, অধ্যাদেশ, বিধিমালা, ৫ দিন				১		১							১	৩
৬	বিভাগীয় পুলে নতুন প্রশিক্ষক অন্তর্ভূক্তির জন্য প্রশিক্ষণ মডিউল প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ-কর্মশালা, ৫ দিন							১							১
৭	অফিস ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ মডিউল প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ-কর্মশালা, ৫ দিন							১							১
৮	সামুদ্রিক মৎস্য ব্যবস্থাপনা: পরিবীক্ষণ, নিয়ন্ত্রণ ও তদারকি, ৩ দিন		১												১
৯	IUU Fishing নিয়ন্ত্রণ বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, ২ দিন								৩						৩
১০	মৎস্য জরীপ ও মনিটরিং বিষয়ে ডিএফও দের ওরিয়েন্টেশন, ১ দিন							১							১
১১	OAও FA দের জন্য অফিস ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, ৩ দিন									৬৪					৬৪
	মোট	৩	১	২	২	১	১	৪	৩	৬৪	৩	৩	২	৩	৯২

* কর্মচারীদের অনাবাসিক প্রশিক্ষণ

বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ ব্যয় বিভাজন

ক্রম নং	প্রশিক্ষণের বিষয় ও মেয়াদ	প্রশিক্ষণ কেন্দ্র ওয়ারী প্রশিক্ষণের বরাদ্দ													মোট বরাদ্দ
		FTA, সাভার	FTI, চাঁদপুর	FBTC রায়পুর	FTC, নাটোর	FTEC, মাসকান্দা	FTC, রাঙ্গামাটি	মৎস্য ভবন ও অন্যান্য	বিভাগীয় ডিডির দপ্তর	জেলা মৎস্য দপ্তর	FBTC পার্বতীপুর	FTEC ফরিদপুর	FTC, কোট চাঁদপুর	FTC, এডিবি কক্সবাজার	
অর্থনৈতিক কোড		৪৪৩১	৪৪৩১	৪৪৩১	৪৪৩১	৪৪৩১	৪৪৩১	৪৪৩১	৪৪৩১	৪৪৩১	৪৪৩২	৪৪৩২	৪৪৩২	৪৪৩২	
১	নবনিয়োগপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দের ওরিয়েন্টেশন							১৪২,২০০							১৪২,২০০
২	নবীন কর্মকর্তাদের মৌলিক সম্প্রসারণ কোর্স	২১৩,৬০০		১০৬,৮০০	১০৬,৮০০						১০৬,৮০০	১০৬,৮০০			৬৪০,৮০০
৩	গুড একুয়াকালচার প্রাকটিস					২৪,৬০০					২৪,০০০	২৪,৬০০	২৪,০০০	৪৮,০০০	১৪৫,২০০
৪	গণখাতে ক্রয় ও সংগ্রহ আইন এবং বিধিমালা	৫৭,৮০০		৫৭,৮০০							৫৭,৮০০	৫৭,৮০০	৫৭,৮০০		২৮৯,০০০
৫	মৎস্য সংশ্লিষ্ট আইন, অধ্যাদেশ, বিধিমালা				৪৫,০০০		৪৫,০০০							৪৫,০০০	১৩৫,০০০
৬	বিভাগীয় পুলে নতুন প্রশিক্ষক অন্তর্ভূক্তির জন্য প্রশিক্ষণ মডিউল প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ-কর্মশালা							৪১,৪০০							৪১,৪০০
৭	অফিস ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ মডিউল প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ-কর্মশালা							৪১,৪০০							৪১,৪০০
৮	সামুদ্রিক মৎস্য ব্যবস্থাপনা: পরিবীক্ষণ, নিয়ন্ত্রণ ও তদারকি		২৪,০০০												২৪,০০০
৯	IUU Fishing নিয়ন্ত্রণ বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ								৬৭,৪০০						৬৭,৪০০
১০	মৎস্য জরীপ ও মনিটরিং বিষয়ে ডিএফও দের ওরিয়েন্টেশন							৩১,৪০০							৩১,৪০০
১১	OAও FA দের জন্য অফিস ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ									১,৬৭৯,২০০					১,৬৭৯,২০০
	মোট	২৭১,৪০০	২৪,০০০	১,৬৪,৬০০	১,৫১,৮০০	২৪,৬০০	৪৫,০০০	২৫৬,৪০০	৬৭,৪০০	১,৬৭৯,২০০	১৮৮,৬০০	১৮৯,২০০	৮১,৮০০	৯৩,০০০	৩,২৩৭,০০০